

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ৯, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ : ২২ ফাল্গুন ১৪২০ বঙ্গাব্দ/০৬ মার্চ ২০১৪ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ৩৫-আইন/২০১৪/২৪৭৪/কাস্টমস্ I—Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 25 এর sub-section (3) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও নং ১৪৯-আইন/২০১৩/২৪৩৬/কাস্টমস্ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের শর্ত-১ এর দফা (ক), (খ), (গ), (ঘ) এবং (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক), (খ), (গ), (ঘ), (ঙ) এবং (চ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ক) ৬ (ছয়) মাসের কম পুরাতন/রিকভিশন গাড়ির জন্য-	০%
(খ) ৬ (ছয়) মাস হইতে ১ (এক) বৎসর পর্যন্ত পুরাতন/রিকভিশন গাড়ির জন্য-	১৫%
(গ) ১ (এক) বৎসরের অধিক হইতে ২ (দুই) বৎসর পর্যন্ত পুরাতন/রিকভিশন গাড়ি ও যানবাহনের জন্য-	২৫%

(৯৪৮৭)

মূল্য : টাকা ৪.০০

-
- | | | |
|-----|---|-----|
| (ঘ) | ২ (দুই) বৎসরের অধিক হইতে ৩ (তিন) বৎসর পর্যন্ত পুরাতন/রিকভিশন গাড়ি ও যানবাহনের জন্য- | ৩৫% |
| (ঙ) | ৩ (তিন) বৎসরের অধিক হইতে ৪ (চার) বৎসর পর্যন্ত পুরাতন/রিকভিশন গাড়ি ও যানবাহনের জন্য- | ৪০% |
| (চ) | ৪ (চার) বৎসরের অধিক হইতে ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত পুরাতন/রিকভিশন গাড়ি ও যানবাহনের জন্য- | ৪৫% |

।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম হোসেন
সচিব।